

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বাজেট-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)



নং- ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮-৩০১

তারিখঃ ১২-০৪-২০২০খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ মেঘডুবি ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কোয়ারেন্টাইনে থাকা প্রবাসী বাংলাদেশীদের খাবার ও আনুষঙ্গিক ব্যয়  
নির্বাহের জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০০৭ ০৬.০৮১.১৮-৫৩৬, তারিখঃ ০৫.০৪.২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেঘডুবি ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, গাজীপুরে ইতালি ফেরত প্রবাসীদের খাওয়া, খাওয়া ও আনুষঙ্গিক খরচ বাবদ মোট ৬,০০,০০০/- টাকা ব্যয় হয়েছে বলে জেলা প্রশাসক, গাজীপুর জানান। বর্ণিত স্বাস্থ্য কেন্দ্রে উক্ত প্রবাসীগণ ১৪-৩-২০২০ থেকে ৩০-৩-২০২০ পর্যন্ত ভাবস্থান করেন।

চলতি ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১২৭০১০১-১২০০০৫৬০৫- জরুরী স্বাস্থ্য ক্যাম্প- এর অনুকূলে বরাদ্দকৃত ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা হতে নিম্নবর্ণিত কার্যক্রমের জন্য পাঠের হকে উল্লিখিত পরিমাণ অর্থ জেলা প্রশাসক, গাজীপুরের অনুকূলে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | কোড ও খাতের নাম           | অর্থের পরিমাণ                 |
|-----------|---------------------------|-------------------------------|
| ১.        | ৩২৫২১০৪- পথ্য             | ৪,০০,০০০/-                    |
| ২.        | ৩২৫২১০১- বিছানাপত্র       | ১,৪০,০০০/-                    |
| ৩.        | ৩২৪৩১০২- গ্যাস ও জ্বালানী | ৬০,০০০/-                      |
|           | সর্বমোট                   | ৬,০০,০০০/-<br>(ছয় লক্ষ) টাকা |

শর্তসমূহঃ

- অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- এ অর্থ প্রস্তাবিত খাত ব্যতীত অন্য খাতে ব্যয় করা যাবে না;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং
- এ অর্থ চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে প্রদর্শিত হবে।

  
১২.০৪.২০২০  
(সুশীল কুমার পাল)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৯২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃঃ আঃ পরিচালক (অর্থ)]।
- ২। পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।